তারিখ ... 09 APR 2017
পৃষ্ঠা ... কলাম ...

প্রথম আলো

# ১২ লাখ শিক্ষার্থীর ১ হাজার কোটি টাকা সঞ্চয়

## সিলেটে স্কুল ব্যাংকিং বিষয়ক অনুষ্ঠানে তথ্য

**নিজস্ব প্রতিবেদক, সিলেট ●**

দেশে প্রায় ১২ লাখ স্কুলশিক্ষার্থী ব্যাংকগুলোতে প্রায় ১ হাজার কোটি টাকা সঞ্চয় করেছে।

সিলেটে গতকাল শনিবার 'স্কুল ব্যাংকিং ক্যাম্পেইন-১৭' শীর্ষক এক আলোচনা সভায় এ তথ্য জানানো হয়েছে। ডাচ্-বাংলা ব্যাংক আয়োজিত এ অনুষ্ঠানে ৪৮টি ব্যাংকের প্রতিনিধি, স্থানীয় অর্ধশতাধিক স্কুলের শিক্ষার্থী ও অভিভাবকেরা অংশ নেন।

'সেভিংস ফর ফিউচার' প্রতিপাদ্যে নগরের রিকাবীবাজারের কবি নজরুল মিলনায়তনে সভাটি অনুষ্ঠিত হয়। এর আগে শোভাযাত্রার আয়োজন করা হয়, যা শহরের রিকাবীবাজার মোড় থেকে শুরু হয়ে চৌহাট্টা পয়েন্ট প্রদক্ষিণ করে অনুষ্ঠানস্থলে এসে শেষ হয়।

সভায় বাংলাদেশ ব্যাংকের সিলেট শাখার নির্বাহী পরিচালক মো. সিরাজুল ইসলাম প্রধান অতিথি ও উপমহাব্যবস্থাপক (ডিজিএম) সৈয়দ তৈয়বুর রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এতে বাংলাদেশ ব্যাংকের সিলেট শাখার ডিজিএম মো. আবদুল হাছিব সভাপতিত্ব করেন। সভায় স্বাগত বক্তব্য দেন ডাচ্-বাংলা ব্যাংকের সিলেট শাখার ব্যবস্থাপক তাহমিদ বক্ত চৌধুরী।

অনুষ্ঠানে বলা হয়, স্কুলশিক্ষার্থীদের মধ্যে সঞ্চয়ের মনোভাব সৃষ্টির জন্য ২০১০ সালে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনায় এ কার্যক্রম শুরু হয়। এতে স্কুলের ১১ থেকে ১৭ বছরের শিক্ষার্থীরা বিনা মূল্যে নিজেদের নামে ব্যাংক হিসাব খুলে সঞ্চয় করতে পারে। তাদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় একদিন দেশে বড় মূলধনে রূপ পাবে।